Hampshire County Council

Ethnic Minority and Traveller Achievement Service

# বিনামূল্যে স্কুলের খাবার (ফ্রি স্কুল মিল) এর ব্যাপারে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

অভিভাবকদের জন্য এই প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)-এ বিনামূল্যে স্কুলের খাবার সম্পর্কে তথ্য দেওয়া হয়েছে।
ফ্রি স্কুল মিল সম্পর্কে সাধারণ তথ্যের জন্য Hampshire-এর ওয়েবসাইট দেখুন: Free school meals | Education and learning | Hampshire County Council

**প্রশ্ন: কারা বিনামূল্যে স্কুলের খাবার (Free school meals ) পেতে পারে?**

উত্তর: রিসেপশন, ইয়ার ১ এবং ইয়ার ২-এর শিক্ষার্থীরা
রিসেপশন, ইয়ার ১ এবং ইয়ার ২-এর সকল শিশু স্বয়ংক্রিয়ভাবে বিনামূল্যে স্কুলের খাবার পায়। তবে আপনি যদি নিচে উল্লেখিত কোনো ভাতা পেয়ে থাকেন, তাহলে আপনার সন্তানের জন্য ফ্রি স্কুল মিল -এর নিবন্ধন করা এখনও গুরুত্বপূর্ণ। এর ফলে আপনার সন্তানের স্কুল অতিরিক্ত অর্থ পাবে, যা নিম্নলিখিত বিষয়গুলোতে ব্যয় করা হবে:

- শিক্ষাদান ও শেখার কার্যক্রম
- অতিরিক্ত সহায়ক কর্মী
- শিক্ষা সফর
- স্কুল-পরবর্তী কার্যক্রম
- সকালের নাস্তা ও হোমওয়ার্ক ক্লাব
- অভিভাবকদের জন্য সহায়তা

**উত্তর:** ইয়ার ৩ থেকে ইয়ার ১১-এর শিক্ষার্থীরা
আপনি যদি নিচের যেকোনো একটি ভাতা পেয়ে থাকেন, তাহলে আপনার সন্তান বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার অধিকারী হবে:

• ইনকাম সাপোর্ট
• আয়ভিত্তিক চাকরিপ্রার্থীর ভাতা
• আয়-সম্পর্কিত কর্মসংস্থান ও সহায়তা ভাতা (কন্ট্রিবিউশন ভিত্তিক নয়)
• ইমিগ্রেশন অ্যান্ড অ্যাসাইলাম অ্যাক্ট ১৯৯৯ এর পার্ট ছয় (Part VI)-এর অধীনে সহায়তা
• স্টেট পেনশন ক্রেডিট এর গ্যারান্টেড অংশ
• চাইল্ড ট্যাক্স ক্রেডিট, যদি আপনি ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট না পান এবং আপনার বার্ষিক মোট আয় £16,190-এর বেশি না হয়
• যেসব অভিভাবক চাকরি হারিয়েছেন অথবা সপ্তাহে ১৬ ঘণ্টার কম কাজ শুরু করেছেন, তাদের সন্তানরা সীমিত সময়ের জন্য বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার অধিকারী হতে পারে।
• ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট রান-অন (ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট পাওয়া বন্ধ হওয়ার পর আরও ৪ সপ্তাহ পর্যন্ত প্রদত্ত অর্থ)

আপনাকে নিম্নলিখিত তথ্য দিতে হবে:

• নাম, বাসার ঠিকানা এবং ইমেইল ঠিকানা
• ন্যাশনাল ইন্সুরেন্স নম্বর অথবা ন্যাশনাল অ্যাসাইলাম সাপোর্ট সার্ভিস (এনএএসএস) নম্বর
• সন্তানের নাম, জন্মতারিখ এবং যে স্কুলে সে পড়ে তার নাম।

**উত্তর:** কলেজের শিক্ষার্থীরা (ইয়ার ১২ এবং ইয়ার ১৩)
১৬ থেকে ১৮ বছর বয়সী এবং ফার্দার এডুকেশন -এ অধ্যয়নরত শিক্ষার্থীরা *Further Education Free Meals* এর জন্য আবেদন করতে পারে। শিক্ষার্থী নিজে অথবা তার অভিভাবকদের উপরে উল্লেখিত এক বা একাধিক ভাতা পেতে হবে।

**প্রশ্ন: আমি কীভাবে বিনামূল খাবার এর জন্য (Free School Meals)-এর জন্য নিবন্ধন করব?**

**উত্তর:** Free school meals | Education and learning | Hampshire County Council-এ যান এবং আপনার সন্তানের বয়স অনুযায়ী উপযুক্ত বোতামটি নির্বাচন করুন।

- পরবর্তী পাতায় ‘check to see if you are eligible for free meals’ লিঙ্কে ক্লিক করে অনলাইন আবেদনপত্র পূরণ করুন।
- যদি আপনার কম্পিউটার ব্যবহারের সুযোগ না থাকে, তাহলে আপনার সন্তানের স্কুল থেকে একটি কাগজের আবেদনপত্র সংগ্রহ করুন। সেটি পূরণ করে স্কুলে জমা দিন।
- ফর্ম পূরণে সহায়তার প্রয়োজন হলে, আপনার সন্তানের স্কুল অথবা EMTAS Assistant আপনাকে সাহায্য করতে পারবেন।

**প্রশ্ন: কখন এবং কীভাবে আমি জানতে পারব যে আমার আবেদন সফল হয়েছে?**
**উত্তর:** আপনি যদি কাগজের আবেদনপত্র ব্যবহার করে আবেদন করেন, তাহলে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আপনাকে ইমেইল, ডাক অথবা ফোনের মাধ্যমে জানানো হবে। আবেদনপত্রে আপনি উল্লেখ করতে পারবেন যে কোন মাধ্যমে যোগাযোগ করতে চান। আপনি যদি অনলাইনে আবেদন করেন, তাহলে সঙ্গে সঙ্গেই ফলাফল জানতে পারবেন।

**প্রশ্ন: আমাকে কি প্রতি বছর আবার আবেদন করতে হবে?**
**উত্তর:** হ্যাঁ, আপনার সন্তান যাতে বিনামূল্যে স্কুলের খাবার পেতে থাকে, সেজন্য প্রতি শিক্ষাবর্ষের শেষে আপনাকে পুনরায় আবেদন করতে হবে।

**প্রশ্ন: আমার সন্তান যে বিনামূল্যে স্কুলের খাবার পায়, তা কারা জানবে?**
**উত্তর:** শুধুমাত্র আপনি এবং আপনার সন্তানের স্কুল এটি জানবে।

Hampshire County Council
Ethnic Minority and Traveller Achievement Service

**প্রশ্ন: আমার সন্তানের জন্য বিনামূল্যে স্কুলের খাবারের কী কী সুবিধা রয়েছে?**

**উত্তর:** এর অনেক সুবিধা রয়েছে:

- আপনার অর্থ এবং সময়—উভয়ই সাশ্রয় হবে।
- গবেষণায় দেখা গেছে, যারা স্বাস্থ্যকর ও পুষ্টিকর মধ্যাহ্নভোজ খায় তারা বিকেলে আরও ভালোভাবে মনোযোগ দিতে পারে এবং আরও সফলভাবে শিখতে পারে।
- মধ্যাহ্নভোজের সময় একসঙ্গে বসে খাওয়া শিশুদের সামাজিক মেলামেশা শেখায় এবং নতুন খাবার খেতে উৎসাহিত করে।
- আপনার সন্তানের জন্য স্কুল অতিরিক্ত অর্থায়ন পাবে।

**প্রশ্ন: আমার সন্তান কি সুষম খাদ্য পাবে?**

**উত্তর:** হ্যাঁ, দুই-পদের খাবারের মেনু সরকার নির্ধারিত স্কুল খাদ্য মানদণ্ড পূরণ করে। তাই প্রতিদিন স্বাস্থ্যকর খাবার দেওয়া হবে।

**প্রশ্ন: মেনুতে কী আছে তা আমি কীভাবে জানব?**

**উত্তর:** প্রতিদিন স্কুলে কী খাবার দেওয়া হবে তা জানতে আপনার সন্তানের স্কুলের ওয়েবসাইট দেখুন।

**প্রশ্ন: আমার সন্তান স্বাস্থ্যগত বা ধর্মীয় কারণে কিছু নির্দিষ্ট খাবার খেতে পারে না। আমি কীভাবে নিশ্চিত হব যে সে উপযুক্ত খাবার পাবে?**

উত্তর: আপনার সন্তানের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করতে স্কুলের সঙ্গে কথা বলুন। অ্যালার্জি থাকা শিক্ষার্থীদের জন্য স্কুল বিশেষ খাদ্যের ব্যবস্থা করে। যেসব শিশু ধর্মীয় কারণে নির্দিষ্ট ধরনের মাংস খায় না, তাদের জন্য সবসময় নিরামিষ বিকল্প উপলব্ধ থাকে।

**প্রশ্ন: আমার সন্তান স্কুল ভ্রমণে গেলে কী হবে?**

**উত্তর:** সেদিন স্কুলের খাবারের পরিবর্তে তাকে একটি পুষ্টিকর প্যাকেট লাঞ্চ দেওয়া হবে।

Hampshire County Council
Ethnic Minority and Traveller Achievement Service

**প্রশ্ন: আমি খুব আর্থিক সমস্যায় আছি, কিন্তু তালিকাভুক্ত কোনো ভাতার জন্য যোগ্য নই। আমি কী করতে পারি?**

**উত্তর:** আপনার সন্তানের স্কুলের সঙ্গে কথা বলুন। সেখানে হয়তো বিনামূল্যে সকালের নাস্তার একটি ক্লাব রয়েছে অথবা বিরতির সময় বিনামূল্যে ফল দেওয়া হয়। আপনার কাছাকাছি কোনো ফুড ব্যাংকও থাকতে পারে; এ সম্পর্কেও আপনার সন্তানের স্কুল আপনাকে তথ্য দিতে পারবে।